

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাজেট শাখা  
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৮.২০১৮-১৪৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ  
৩১ মে ২০২২ খ্রিস্টাব্দ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
শিক্ষা মন্ত্রণালয়  
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে “১২৫০১০১-১২০০০১৪০৮-জাতীয় গবেষণামূলক শিক্ষা” এর ‘৩৬৩১১০৭-বিশেষ অনুদান’ খাতে বরাদ্দকৃত ৫২,০০,০০০.০০ (বায়ান লক্ষ) টাকা হতে প্রয়োজনীয় ৪১,৯২,৮০০.০০ (একচল্লিশ লক্ষ বিরানব্বই হাজার আটশত) টাকার নিম্নোক্ত বিভাজন অনুযায়ী ৪র্থ কিস্তিতে ৭,৩৬,২০০.০০ (সাত লক্ষ ছত্রিশ হাজার দুইশত) টাকা বর্ণিত শর্তে ছাড় করতে সরকার সম্মত হয়েছে:

বিভাজন নিম্নরূপ:

ক্র.নং	জাতীয় অধ্যাপকবৃন্দের নাম	মেয়াদ কাল ৫ বছর	২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দের পরিমাণ	২০২১-২০২২ অর্থবছরে প্রয়োজনীয় অর্থের বিভাজন	৪র্থ কিস্তিতে ছাড়যোগ্য অর্থের পরিমাণ
১	অধ্যাপক ড. রফিকুল ইসলাম, প্রফেসর এমেরিটাস ও উপদেষ্টা, বাংলাদেশ অধ্যয়ন কেন্দ্র, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, ঢাকা।	০১-০৭- ২০১৮ থেকে ৩০-০৬- ২০২৩		৯,৩৬,০০০.০০	০
২	প্রফেসর ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন, প্রফেসর এমিরেটাস এবং প্রাক্তন উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।	০৯-০৫-২০২১ থেকে ০৫- ০৫-২০২৬	৫২,০০,০০০.০০	১৩,৮৪,৮০০.০০	৩,৪৬,২০০.০০
৩	প্রফেসর ডা. একে আজাদ খান, প্রেসিডেন্ট, ডায়াবেটিক এসোসিয়েশন অব বাংলাদেশ (বারডেম)	০৯-০৫-২০২১ থেকে ০৮- ০৫-২০২৬		৯,৩৬,০০০.০০	২,৩৪,০০০.০০
৪	প্রফেসর ডা. মাহমুদ হাসান, প্রেসিডেন্ট, বাংলাদেশ গ্যাস্ট্রোএনটারোলজি সোসাইটি এবং প্রেসিডেন্ট, গ্যাস্ট্রোলিভার ফাউন্ডেশন, বাংলাদেশ।	১৩-০৫- ২০২১ থেকে ১২-০৫- ২০২৬		৯,৩৬,০০০.০০	২,৩৪,০০০.০০
			মোট=৫২,০০,০০০.০০	৪১,৯২,৮০০.০০	৮,১৪,২০০.০০
অধ্যাপক ড. রফিকুল ইসলাম, প্রফেসর এমেরিটাস ও উপদেষ্টা, বাংলাদেশ অধ্যয়ন কেন্দ্র, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, ঢাকা এর ৩০/১১/২০২১ তারিখ মৃত্যুবরণ করায় ১ মাসের টাকা অব্যয়িত=					-৭৮,০০০.০০
					নীট মোট=৭,৩৬,২০০.০০




শর্তসমূহ:

- ক) ছাড়কৃত অর্থ ব্যয়ে সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- খ) পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে;
- গ) অব্যয়িত অর্থ ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ঘ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এ ব্যয় চলতি ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে “১২৫০১০১-১২০০০১৪০৮-জাতীয় গবেষণামূলক শিক্ষা” ‘৩৬৩১১০৭-বিশেষ অনুদান’ খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মিটানো হবে।

৩। ৪র্থ কিস্তি বাবদ ছাড়কৃত ৭,৩৬,২০০.০০ (সাত লক্ষ ছত্রিশ হাজার দুইশত) টাকা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বিলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট শাখা) এর প্রতিস্বাক্ষরে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা হতে উত্তোলন করবেন। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক উত্তোলিত অর্থ জাতীয় অধ্যাপকগণের সম্মানী বাবদ প্রদানের লক্ষ্যে সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা-কে প্রদান করবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।



মোঃ নূর-ই-আলম)

উপসচিব

ফোন: ৯৫১২২০৫


Email:moebudgetsection@gmail.com

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০১.২০১৮-১৪৪/১(০৫)

তারিখ: ১৭ মে ১৪২৯ বঙ্গাব্দ  
৩১ মে ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট অধিশাখা-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মোঃ নূর-ই-আলম)

উপসচিব